# খালেদা জিয়ার দেখানো গণতন্ত্রের পথেই বিএনপি: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির সদস্য রুহুল কবীর রিজভী বলেছেন, খালেদা জিয়া যে গণতান্ত্রিক রাজনীতির পথ দেখিয়েছেন, বিএনপি সেই পথেই এগিয়ে যাচ্ছে।

মঙ্গলবার (১৮ আগস্ট) রাজধানীর মতিঝিলের এজিবি কলোনি কমিউনিটি সেন্টারে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আয়োজনে খালেদা জিয়ার ৮২তম জন্মদিন উপলক্ষে অনুষ্ঠিত দোয়া মাহফিলে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, বাংলাদেশের রাজনীতিতে খালেদা জিয়ার অবদান দীর্ঘদিন স্মরণ করা হবে। দেশের প্রতি ভালোবাসা এবং জনগণের অধিকার প্রতিষ্ঠায় নিজের স্বার্থ বিসর্জনের শিক্ষা তিনি দিয়েছেন বলেও উল্লেখ করেন বিএনপির এই নেতা।

তিনি আরও বলেন, ১৯৭১ সালে জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। পরবর্তীতে খালেদা জিয়াও দীর্ঘ সময় রাজপথে থেকে রাজনৈতিক আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। দেশের গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য তার ভূমিকা বিএনপির রাজনীতিতে গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন তিনি।

দোয়া মাহফিলে সভাপতিত্ব করেন ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক রফিকুল আলম মজনু এমপি। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সদস্য সচিব তানভীর আহমেদ রবিন।

অনুষ্ঠানে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক আবদুস সালাম, মুক্তিযোদ্ধা প্রতিমন্ত্রী ইশরাক হোসেন এবং বিএনপির স্বেচ্ছাসেবকবিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপুসহ দলটির ঢাকা মহানগর দক্ষিণ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।